গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা
www.lgd.gov.bd

উন্নয়নের গণতন্ত্র
শেখ হাসিনার মূলমন্ত্র

নং-৪৬.৪২.০০০০.০০০.২২.০০৩.১৬(২).১২০৬

তারিখঃ ১৭ জ্যৈষ্ঠ ১৪২৪ বঙ্গাব্দ
৩১ মে ২০১৭ খ্রিষ্টাব্দ

বিষয়ঃ "জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের দায়িত্ব ও কার্যাবলী বিধিমালা, ২০১৭" প্রেরণ সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে, "জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের দায়িত্ব ও কার্যাবলী বিধিমালা, ২০১৭" পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।

৩১/৫/১৭
(জুবাইদা নাসরীন)
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
Email-lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
......................... জেলা পরিষদ

অনুলিপি ঃ

১। অতিরিক্ত সচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। যুগ্মসচিব (প্রশাসন), স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩। চেয়ারম্যান, ........................, জেলা পরিষদ।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।

রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, মে ২৫, ২০১৭

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়
স্থানীয় সরকার বিভাগ
জেলা পরিষদ অধিশাখা

## প্রজ্ঞাপন

তারিখ: ০৭ জ্যৈষ্ঠ, ১৪২৪ বঙ্গাব্দ/২১ মে, ২০১৭ খ্রিস্টাব্দ

এস, আর, ও নং ১১১-আইন/২০১৭।—জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন) এর ধারা ৭৩ এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথা :—

১। শিরোনাম ও প্রবর্তন।—(১) এই বিধিমালা জেলা পরিষদের চেয়ারম্যান, সদস্য ও সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের দায়িত্ব ও কার্যাবলি বিধিমালা, ২০১৭ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। সংজ্ঞা।—(১) বিষয় বা প্রসঙ্গের পরিপন্থী কোন কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "আইন" অর্থ জেলা পরিষদ আইন, ২০০০ (২০০০ সনের ১৯ নং আইন);

(খ) "চেয়ারম্যান" অর্থ ধারা ২(গ) তে সংজ্ঞায়িত চেয়ারম্যান;

(গ) "ধারা" অর্থ আইনের ধারা;

(ঘ) "পরিষদ" অর্থ ধারা ২(ঙ) তে সংজ্ঞায়িত জেলা পরিষদ;

(ঙ) "মহিলা সদস্য" অর্থ ধারা ২(জ) তে সংজ্ঞায়িত মহিলা সদস্য;

(চ) "সদস্য" অর্থ ধারা ২(ঝ) তে সংজ্ঞায়িত সদস্য; এবং

(ছ) "সরকার" অর্থ স্থানীয় সরকার বিভাগ।

(২) এই বিধিমালায় ব্যবহৃত যে সকল শব্দ বা অভিব্যক্তির সংজ্ঞা প্রদান করা হয় নাই, সেই সকল শব্দ বা অভিব্যক্তি আইনে যে অর্থে ব্যবহৃত হইয়াছে সেই অর্থে প্রযোজ্য হইবে।



মূল্য : টাকা ৮.০০

৩। চেয়ারম্যানের দায়িত্ব ও কার্যাবলি।—আইনের সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া চেয়ারম্যান, নিম্নবর্ণিত দায়িত্ব ও কার্যাবলি পালন করিবেন, যথা :—

(ক) পরিষদের দৈনন্দিন প্রশাসনিক কাজ পরিচালনা এবং তাহার নিকট উপস্থাপিত বিষয়সমূহ নিষ্পত্তিকরণ;

(খ) ধারা ২৭ এর বিধান অনুসারে, পরিষদের পরামর্শক্রমে আইনের প্রথম তফসিলে উল্লিখিত আবশ্যিক কার্যাবলি সম্পাদনের নিমিত্ত অগ্রাধিকার নির্ধারণ;

(গ) ধারা ২৯ এর উপ-ধারা (১) এর বিধান অনুসারে সরকার কর্তৃক কোন প্রতিষ্ঠান বা কর্ম পরিষদের নিকট হস্তান্তরিত হইলে উহার পরিচালনা ও তত্ত্বাবধান;

(ঘ) ধারা ৫১ এর বিধান অনুসারে আইনের দ্বিতীয় তফসিলে উল্লিখিত পরিষদ কর্তৃক আরোপিত কর, রেইট, টোল ও ফিস আদায় সংক্রান্ত বাস্তবায়িত ও বাস্তবায়নাধীন কার্যাবলির অগ্রগতি পর্যালোচনা;

(ঙ) আইনের উদ্দেশ্য পূরণকল্পে পরিষদের পক্ষে বা বিপক্ষে মামলা দায়ের করা হইলে যথাযথভাবে উহার পরিচালনা ও তত্ত্বাবধান;

(চ) সদস্যদের কার্যক্রম তত্ত্বাবধান; এবং

(ছ) সরকার কর্তৃক সময় সময়, নির্দেশিত অন্য কোন দায়িত্ব পালন ।

৪। সদস্যগণের দায়িত্ব ও কার্যাবলি।—(১) আইনের সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া সদস্যগণ ধারা ৩৪ এর অধীন গঠিত বিভিন্ন কমিটি ও স্থায়ী কমিটির সভাপতি ও সদস্য হিসাবে দায়িত্ব পালন করিবেন ।

(২) কোন জেলায় স্থায়ী কমিটি গঠন করা না হইলে সদস্যগণ নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে নিম্নবর্ণিত দায়িত্ব ও কার্যাবলি পালন করিবেন, যথা :—

(ক) আইন-শৃঙ্খলা বিষয়ে সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান;

(খ) সামাজিক অপরাধ প্রতিরোধে সামাজিক আন্দোলন গড়িয়া তোলার লক্ষ্যে কার্যকরী পদক্ষেপ গ্রহণ;

(গ) নারী ও শিশুর প্রতি সহিংসতা, নির্যাতন, যৌন হয়রানি, যৌতুক, বাল্য বিবাহ, ইত্যাদি রোধ এবং উহার বিরূপ প্রতিক্রিয়া সম্পর্কে জনমত সৃষ্টিসহ অন্যান্য প্রতিরোধমূলক কার্যক্রম গ্রহণে সহায়তা প্রদান;

(ঘ) স্বাস্থ্য সেবা, পুষ্টি, পরিবার-পরিকল্পনা ও মাতৃমঙ্গল সেবা গ্রহণে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং সহযোগিতা প্রদান;

(ঙ) জনগণকে সুপেয় পানীয় জল সরবরাহ, স্বাস্থ্যসম্মত নিরাপদ স্যানিটেশন ও পয়ঃনিষ্কাশন ব্যবস্থা গ্রহণে উদ্বুদ্ধকরণ এবং সহযোগিতা প্রদান;

(চ) বন, পরিবেশ ও জীব বৈচিত্র্য সংরক্ষণ, সামাজিক বনায়ন ও বনজ সম্পদের উন্নয়নে কার্যক্রম গ্রহণ, টেকসই উন্নয়নের লক্ষ্যে দূষণ রোধে ব্যবস্থা গ্রহণ এবং জনমত সৃষ্টি;

ব্যাখ্যা।—এই দফার উদ্দেশ্য পূরণকল্পে "দূষণ" অর্থ পানি, মাটি, বায়ু ও শব্দ দূষণ, ইত্যাদি।

(ছ) মৎস্যচাষ, হাঁস-মুরগি ও গবাদিপশু পালন, ইত্যাদি কাজে জনগণকে উদ্বুদ্ধকরণ এবং সহযোগিতা প্রদান;

(জ) দুর্যোগকালে জনগণের জন্য ত্রাণ তৎপরতা পরিচালনা এবং দুর্যোগ ব্যবস্থাপনায় সংশ্লিষ্ট সকল কর্তৃপক্ষকে সহযোগিতা প্রদান;

(ঝ) শিক্ষার মানোন্নয়ন ও প্রসারে জনগণকে উদ্বুদ্ধকরণ;

(ঞ) বেকার যুবক ও যুব মহিলাদের আত্মকর্মসংস্থান সৃষ্টিতে সহায়তা এবং তাহাদেরকে স্ব-উদ্যোগে দারিদ্র বিমোচন কর্মসূচি গ্রহণ ও বাস্তবায়নে সহযোগিতা প্রদান;

(ট) জেলায় বিদ্যমান নদী, খাল, জলাভূমি ও জনসাধারণের ব্যবহার্য পুকুর রক্ষার জন্য জনমত সৃষ্টি;

(ঠ) কৃষি উন্নয়ন এবং ভূ-উপরিস্থিত পানি সম্পদের সর্বোত্তম ব্যবহার নিশ্চিত করিবার জন্য জনগণ ও সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে উদ্বুদ্ধকরণ ও সহযোগিতা প্রদান;

(ড) যুব সমাজের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে ক্রীড়া ও সাংস্কৃতিক কার্যক্রমে উদ্যোগ গ্রহণ এবং প্রয়োজনীয় সহায়তা প্রদান;

(ঢ) ক্ষুদ্র ও কুটির শিল্প স্থাপন এবং বিকাশের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন সংক্রান্ত পরামর্শ প্রদান; এবং

(ণ) সরকার এবং চেয়ারম্যান কর্তৃক সময় সময়, নির্দেশিত অন্য কোন দায়িত্ব পালন।

৫। **সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণের দায়িত্ব ও কার্যাবলি।**— বিধি ৪ এ উল্লিখিত দায়িত্বের অতিরিক্ত হিসাবে সংরক্ষিত আসনের মহিলা সদস্যগণ নিজ নিজ অধিক্ষেত্রের মধ্যে আইনের সামগ্রিকতাকে ক্ষুণ্ন না করিয়া নিম্নবর্ণিত দায়িত্ব ও কার্যাবলি পালন করিবেন, যথা :—

(ক) নারীর ক্ষমতায়নে সার্বিক সহযোগিতা প্রদান;

(খ) প্রতিবন্ধী, অসহায়, বৃদ্ধ, বিধবা ও সহায় সম্বলহীন নারীদের সার্বিক অবস্থার উন্নয়নে প্রয়োজনীয় সহায়তা প্রদান, অনুকূল জনমত সৃষ্টি, করণীয় চিহ্নিতকরণ, কর্মসূচি গ্রহণ এবং বিভিন্ন সংস্থা ও কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কার্যক্রমে সহযোগিতা প্রদান;

(গ) কিশোরীদের শারীরিক ও মানসিক বিকাশের লক্ষ্যে অনুকূল জনমত সৃষ্টি এবং উক্ত বিষয়ে বিভিন্ন সংস্থা ও কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কার্যক্রমে সহযোগিতা প্রদান;

(ঘ) বয়স্কদের জন্য স্বাস্থ্যসেবা ও নিরাপদ আবাসনের জন্য প্রয়োজনীয় সহায়তা প্রদান এবং বিভিন্ন সংস্থা ও কর্তৃপক্ষ কর্তৃক গৃহীত কার্যক্রমে সহযোগিতা প্রদান; এবং

(ঙ) পরিবারভিত্তিক অভিভাবকদের পরিবারের সদস্যদের পারস্পরিক আচরণ ও বিভিন্ন সমস্যা সমাধানে করণীয় নিয়ে সামাজিক সচেতনতা সৃষ্টি।

৬। রহিতকরণ ও সংরক্ষণ।—(১) স্থানীয় সরকার বিভাগ কর্তৃক প্রশাসনিক ক্ষমতাবলে এতদ্‌সংক্রান্ত বিষয়ে জারীকৃত প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও পরিপত্র, যদি থাকে, এতদ্‌দ্বারা রহিত করা হইল।

(২) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও রহিত প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও পরিপত্রের অধীন নিষ্পন্নাধীন বিষয়াদি এই বিধিমালার সহিত সাংঘর্ষিক না হওয়া সাপেক্ষে এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত প্রজ্ঞাপন, আদেশ, নির্দেশনা ও পরিপত্র রহিত হয় নাই।

(৩) উপ-বিধি (১) এর অধীন রহিতকরণ সত্ত্বেও, ১৫ ডিসেম্বর, ২০১১ তারিখের প্রজ্ঞাপনমূলে নিয়োজিত জেলা পরিষদের প্রশাসক এবং সংশ্লিষ্ট জেলা পরিষদের পক্ষে বা বিরুদ্ধে দায়েরকৃত কোনো মামলা নিষ্পন্নাধীন বা চলমান থাকিলে উহা এমনভাবে নিষ্পত্তি করিতে হইবে যেন উক্ত প্রজ্ঞাপন রহিত হয় নাই।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আবদুল মালেক
সচিব।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আলমগীর হোসেন, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www.bgpress.gov.bd